অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/7/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো FMC কর্পোরেশনের সাথে ঐতিহাসিক পরিবেশগত আইন প্রণয়ণের নিষ্পত্তির কথা ঘোষণা করেছেন

স্টেটের বৃহত্তম পরিবেশগত নিষ্পত্তির জন্য FMC কে আইন অমান্য এবং নায়াগ্রা কাউন্টিতে ঐতিহাসিক দূষণের সমাধান করতে হবে এবং স্থানটি পরিষ্কার করতে স্টেটের ইতিমধ্যে ব্যয় করা 31 মিলিয়ন ডলার পরিশোধ করতে হবে

নিষ্পত্তিটির মধ্যে আছে 2.4 মিলিয়ন ডলার জরিমানা এবং পরিবেশগত উন্নয়ন প্রকল্পের জন্য 1 মিলিয়ন ডলার

FMC-র মিডিলপোর্ট ফেসিলিটি থেকে যুগের পর যুগ ধরে রাসায়নিক নির্গমনের পরে ব্যাপক পরিষ্করণের কাজটি স্টেট তদারকি করা অব্যাহত রেখেছে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ স্টেটের ইতিহাসে নিউ ইয়র্কের বৃহত্তম পরিবেশগত আইনি পদক্ষেপের নিষ্পত্তির কথা ঘোষণা করেছেন। নিষ্পত্তি অনুসারে FMC কর্পোরেশনকে তার মিডিলপোর্ট, নায়াগ্রা কাউন্টির ফেসিলিটি থেকে নির্গত আর্সেনিক এবং অন্যান্য ক্ষতিকারক দূষিত বর্জ্য যা সেই অঞ্চল ও তার আশেপাশের অঞ্চলের ক্ষতি করছে, সেগুলি পরিষ্কার করতে হবে, এবং 2.4 মিলিয়ন ডলার জরিমানা এবং একটি কমিউনিটি ভিত্তিক পরিবেশগত উন্নয়ন প্রকল্পের জন্য 1 মিলিয়ন ডলারকে অন্তর্ভুক্ত করে।

"আমাদের কমিউনিটির স্বাস্থ্য যখন বিপদের সম্মুখীন, তখন আমরা আগ্রাসীভাবে দূষণকারীদের অন্বেষণ করব এবং তাদের জবাবদিহি করতে বাধ্য করব", **গভর্নর কুওমো বলেন।** "FMC কর্পোরেশনের দ্বারা নির্গত দূষিত পদার্থের থেকে জনসাধারণকে রক্ষা করতে স্টেট ইতিমধ্যে অধ্যবসায়ের সঙ্গে কাজ করছে এবং এই ব্যাপক আইনি চুক্তির ফলে কোম্পানিটিকে অতীতের পরিস্কারের কাজটির জন্য ব্যয় হওয়া জনগণের মিলিয়ন ডলার পরিশোধ করতে হবে এবং যতক্ষণ না কাজটি সম্পূর্ণ হচ্ছে ততক্ষণ পর্যন্ত আরও শতাধিক মিলিয়ন ডলার বিনিয়োগ করতে হবে।"

DEC কমিশনার বেসিল সেগোস বলেন, "এই গুরুত্বপূর্ণ নিষ্পত্তি পরিবেশগত ন্যায় বিচারের ক্ষেত্রে এবং জনসাধারণের স্বাস্থ্য রক্ষার জন্য নিউ ইয়র্কের কঠোর পরিবেশগত আইনের উপস্থিতির একটি বিশাল সাফল্য। সর্বাধিক গুরুত্বপূর্ণভাবে, নায়াগ্রা কাউন্টির অঞ্চলের অধিবাসীদের জন্য এটি একটি সাফল্য যারা, এই সম্মতির আদেশনামার মাধ্যমে, নিশ্চয়তা পেয়েছেন যে পরিবেশগত দূষণ দূষণকারী দ্বারা পরিষ্কৃত হবে। পরিবেশ সংরক্ষণ দপ্তরের (Department of Environmental

Conservation, DEC) প্রতিভাবান কর্মী ন্যায় বিচারের জন্য এবং এই ব্যাপক পরিষ্করণের কাজটি সম্পূর্ণ করতে অর্থায়নের একটি বাস্তব পরিকল্পনার জন্য তাদের অনমনীয় লড়াইয়ে যে অধ্যবসায় প্রদর্শন করেছেন তার জন্য আমি গর্বিত।"

FMC কর্পোরেশনের মিডিলিপোর্ট ফেসিলিটিটি একটি 103 একরের কীটনাশক তৈরি এবং প্যাকেজিং প্ল্যান্ট যা আগে আর্সেনিক-ভিত্তিক কীটনাশক এবং অন্যান্য রাসায়নিক পদার্থ তৈরি করত। এই কেন্দ্রের প্রাথমিক দূষণকারী পদার্থ হল আর্সেনিক, যার সনাক্তিকৃত উচ্চ মাত্রা অন সাইটে মিলিয়ন প্রতি 60,000 পার্টস (parts per million, ppm) পর্যন্ত এবং অফসাইটে প্রায় 4,000 ppm। অন্যান্য দূষনকারী পদার্থগুলির মধ্যে আছে মিথাইল ক্লোরাইড, DDT-র মতো কীটনাশক, এবং অন্যান্য জৈব এবং অজৈব যৌগ।

অনিয়ন্ত্রিত বৃষ্টির জলের প্রবাহ, বন্যা, উপচে পড়া, নির্গত, ওভারফ্লো, এবং এয়ার ডিপোজিশন ফেসিলিটিও প্রপার্টি এবং আবাসিক এবং বাণিজ্যিক প্রপার্টি সহ অফ-সাইট অঞ্চলগুলি এবং সন্নিহিত রয়্যালটন-হার্টল্যান্ড স্কুল (Royalton-Hartland Central School) প্রপার্টির সেডিমেন্ট, ভূপৃষ্ঠের জল, মাটি, এবং মাটির নিচের জলকে দূষিত করেছে। উপরন্তু, দূষণটি FMC ফেসিলিটিটির ঢাল বেয়ে কয়েক মাইলের মধ্যে থাকা খাড়ি এবং কালভার্টগুলির উপর নেতিবাচক প্রভাব ফেলেছে, যা পাখি, মাছ, এবং জেড্ডো এবং জনশন ক্রিক (Jeddo and Johnson Creek) ড্রেনেজ বেসিনের বণ্যপ্রাণীদের ক্ষতিগ্রস্ত করেছে।

DEC-র আইন প্রণয়নকারী পদক্ষেপ একটি সম্মতির আদেশনামাকে অন্তর্ভুক্ত করে যার জন্য অনসাইট এবং অফসাইটের সমস্ত দূষিত অঞ্চগুলিকে পরিষ্কার করতে হবে এবং বছরের পর বছর ধরে পরিষ্করণের কাজটিকে আটকে রাখতে পারত এমন একটি দীর্ঘায়িত আইনি যুদ্ধকে এড়ানো সম্ভব হয়েছে। 1991 সালের মার্কিন যুক্তরাষ্ট্রের পরিবেশ রক্ষাকারী সংস্থার (United States Environmental Protection Agency, EPA) সাথে সম্মতির প্রশাসনিক আদেশনামাটিকে সমাপ্ত করে এবং তার পরিবর্তে DEC–র নতুন আদেশনামাটি কার্যকর হয়, যার ফলে ফেসিলিটি, বসবাসের অঞ্চল, স্কুল এবং প্রাকৃতিক সম্পদগুলিতে আর্সেনিক এবং অন্যান্য রাসায়নিকের ক্ষতিকর প্রভাব দূর করতে আরও ব্যাপক ব্যবস্থা নিতে হবে। নতুন সম্মতির আদেশনামায় মুখ্য বিষয়গুলির মধ্যে আছে:

- 2018 সালের শেষ পর্যন্ত পরিষ্করণের কাজ সম্পর্কিত ব্যয়ের জন্য FMC স্টেটকে 31 মিলিয়ন ডলার পরিশোধ করিবে। এই অর্থ স্টেট সুপারফান্ড প্রোগ্রামে (State Superfund Program) ফেরত দেওয়া হবে যা তারা অন্যান্য গুরুত্বপূর্ণ পরিষ্করণের প্রকল্পগুলি ত্বরান্বিত করতে ব্যবহার করতে পারবে;
- FMC-র দূষণ দ্বারা সৃষ্টি প্রভাবগুলির জন্য কমিউনিটিতে হওয়া ক্ষতি পূরণ করতে সহায়তা করার জন্য একটি 1 মিলিয়ন ডলারের পরিবেশগত উন্নয়ন প্রকল্প;
- পারিপার্শ্বিক বসবাসের অঞ্চল এবং রয়্যালটি হার্টল্যান্ড স্কুলের পরিষ্করণের কাজটি সম্পূর্ণ করার জন্য স্টেটের যে ব্যয় হয়েছে তা পরিশোধ করার জন্য FMC আগামী দুই বছর ধরে (2019-20) DEC কে প্রতি বছর 15 মিলিয়ন ডলার পর্যন্ত দেবে;

- স্টেট যতক্ষণ না মনে করছে যে কাজটি সম্পূর্ণ হয়েছে ততক্ষণ পর্যন্ত FMC 2020 সালের পর থেকে DEC-র কড়া নজরদারীর অধীনে পরিষ্করণের দায়িত্বগুলি পালন করবে।
- ফেসিলিটিতে যুগের পর যুগ ধরে আইন অমান্য করার জরিমানা হিসাবে FMC 2.4 মিলিয়ন দলার প্রদান করবে। জরিমানার একটি অংশ রাসায়নিক নির্গমনের কারণে অতীতের বন্যপ্রাণীদের যে ক্ষতি হয়েছে তার থেকে তাদের পুনরুদ্ধার করার প্রকল্পগুলিতে অর্থ যোগানে সহায়তা করবে।
- স্টেটের বাকি থাকা পরিবেশগত আইন লঙ্ঘনের নিষ্পত্তি কোম্পানিটিকে ফেসিলিটিতে বর্তমান কর্মসংস্থান রক্ষা করতে সহায়তা করবে এবং ভবিষ্যতের সম্ভাব্য উন্নতির জন্য পরিকল্পনা করতে সক্ষম করে তুলবে।
- FMC, ফেসিলিটিটিতে একটি অন-সাইট পরিবেশগত মনিটরের অর্থ সরবরাহ করবে এবং ভবিষ্যতের পরিবেশগত আইন লঙ্ঘন প্রতিরোধ করতে একটি সাইট ব্যবস্থাপনার পরিকল্পনা বাস্তবায়িত করবে।
- ফেসিলিটিটিকে অন-সাইট বর্জ্য জল ট্রিটমেন্ট প্ল্যান্টকে সম্পূর্ণরূপে আপগ্রেড করতে হবে এবং জলসম্পর্কিত পূর্ণ নিয়ন্ত্রণ প্রদান করতে এবং বাইরে থেকে দূষণ যাতে মাটির নিচের জলে এসে না মেশে না প্রতিরোধ করতে মাটির নিচের জল সংগ্রহের পদ্ধতিকে সম্প্রসারিত করতে হবে।
- দূষণ দূরীকরণে অর্থের উপলভ্যতা নিশ্চিত করতে আর্থিক নিশ্চয়তায় একটি ৪0 মিলিয়ন ডলারের উল্লেখযোগ্য বৃদ্ধি ঘটেছে।

সাইটটি বর্তমানে সম্পদ সংরক্ষণ এবং পুনরুদ্ধার আইন (Resource Conservation and Recovery Act, RCRA) এর সংশোধনমূলক কার্যকলাপ সাপেক্ষে একটি স্টেট সুপারফান্ড সাইট এবং একটি ফেসিলিটি উভয় হিসাবে DEC দ্বারা নিয়ন্ত্রিত। সাইটটি সম্পর্কে আরও তথ্য DEC-র FMC মিডিলপোর্ট ফেসিলিটি ওয়েবপৃষ্ঠায় পাওয়া যাবে: https://www.dec.ny.gov/chemical/54220.html।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন